দৈনিক ইনকিলাব

তারিখ 20 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ৩

২৮

৫৯

# শিক্ষাঙ্গনে জ্ঞান আহরণের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করতে হবে

—প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস শিক্ষাঙ্গনে জ্ঞান আহরণের অনুকূল পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

গতকাল ঢাকায় বঙ্গভবনে বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় অফিসার সমিতির ২৪ সদস্যের একটি দল প্রেসিডেন্টের সাথে সাক্ষাত করতে গেলে তিনি তাদের সঙ্গে মত বিনিময় করছিলেন। খবর বাসস'র।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, ছাত্রদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা আরো বৃদ্ধির জন্য বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনিক তৎপরতা জোরদার করতে হবে।

তিনি বলেন, সামাজিক সমস্যাদি সকলের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে সমাধান করা উচিৎ। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা যেসব সমস্যার সম্মুখীন হচ্ছেন, তার কথা উল্লেখ করে তিনি বলেন, তাদের সমস্যাদি বিবেচনা করে পর্যায়ক্রমে সমাধান করা হবে।

তিনি দেশে শিক্ষা বিস্তারের জন্য তাদের নিজ নিজ প্রতিষ্ঠানে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহবান জানান।

এর আগে প্রতিনিধি দল তাদের বেতন কাঠামোর অসঙ্গতিসহ বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেন।

ফেডারেশনের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার মোহাম্মদ সেলিম প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।